৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) রবীন্দ্রনাথ ঠাকুরের 'নরনারী' প্রবন্ধ অবলম্বনে তাঁর 'নারী' বিষয়ক ভাবনাটি নিজের ভাষায় লেখো।

খ) 'রবীন্দ্রনাথ ও বাংলাদেশ' প্রবন্ধে 'যাবনিমিশাল' ভাষা সম্পর্কে প্রাবন্ধিকের দৃষ্টিভঙ্গী উদাহরণ সহযোগে ব্যাখ্যা করো।

গ) 'ডমিন্যান্ট মাইনরিটি' সম্পর্কে নীরদ সি চৌধুরীর অভিমত পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে লেখো।

ঘ) '.....সাহিত্যে মানুষ নিজেরই অন্তরতম পরিচয় দেয় নিজের অগোচরে'—'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধের আলোকে উদ্ধৃতিটির তাৎপর্য আলোচনা করো।

---





# ২০২৩
# বাংলা
## (অনার্স)
**(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)**

**চতুর্থ সেমেস্টার**

**কোর্স কোড : BNG-H-CC-T-8**

**(বাংলা সমালোচনা সাহিত্য ও প্রবন্ধ)**

পূর্ণমান : ৬০ সময় : ২½ ঘণ্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) জার্মান কবি হাইনে রোমান্টিক ও ক্লাসিক্যাল রচনাকে কীসের কীসের সঙ্গে তুলনা করেছেন?

খ) 'যাও প্রতাপ অমরধামে' পাঠ্য কোন্ প্রবন্ধে উক্তিটি উল্লিখিত? কোন্ উপন্যাসে কার উদ্দেশ্যে একথা বলা হয়েছে?

গ) 'নভেলের সঙ্গে ডিটেকটিভ নভেলের তফাত কোথায়?' — উক্তিটি কোন্ প্রবন্ধের অন্তর্গত? উল্লিখিত দুটি দু'ধরণের নভেলের তফাতটি লেখো।

ঘ) 'আর আমার কোনো ভয় নেই' — এই কথাটি কোন্ উপন্যাসে কে কখন বলেছিল?

(পরের পাতায়)

ঙ) নীরদ সি চৌধুরী 'Vanishing Landmark' - নামক অধ্যায়ে কোন্ কোন্ পুরোনো ধারার পরিবর্তনের উল্লেখ করেছিলেন?

চ) বর্তমান সমাজ ও সংস্কৃতি প্রবন্ধে 'একীভূত ভদ্রলোক' বলতে কাদের কথা বলা হয়েছে? তারা কোথায় জুড়ে বসেছিল?

ছ) 'বরং জাতধর্ম-দেশকালের সীমানা পেরোনো মানুষ-বিশ্ববাসী'—কোন্ প্রবন্ধে কার সম্পর্কে একথা বলা হয়েছে?

জ) 'বঙ্গালী বলতে এখানে সহজিয়া বৌদ্ধ সাধনার তিনটি পন্থা' বোঝানো হয়েছে। —'এখানে' বলতে কোথায় ও কী কী পন্থা উল্লেখ করো।

ঝ) আলতাপ চৌধুরীকে রবীন্দ্রনাথ চিঠিতে কোন্ প্রসঙ্গের কথা উল্লেখ করেছিলেন?

ঞ) 'তোমার সমস্ত সৃষ্টিছাড়া কথা — কিছুই বুঝিবার জো নাই' — কোন্ প্রবন্ধে কে কাকে একথা বলেছে?

ট) 'দুর্গেশনন্দিনী'র বিমলা চরিত্র সম্পর্কে দীপ্তি-র মতামতটি লেখো।

ঠ) 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধের শুরুতেই 'উদ্ভিদ' সম্পর্কে প্রাবন্ধিকের ধারণাটি দুটি বাক্যে লেখো।

ড) 'লাইব্রেরি' প্রবন্ধটি কোন্ পত্রিকায় কত সালে প্রকাশিত হয়?

ঢ) 'লাইব্রেরির' মধ্যে কাদের কণ্ঠ প্রতিফলিত হচ্ছে? তাঁরা কী বলেছিলেন?



ণ) 'নরনারী' প্রবন্ধে যাদের মধ্যে কথোপকথন হচ্ছে সেই চরিত্রগুলির নাম লেখো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'শিল্পরসিক বঙ্কিম মৃত্যুদৃশ্যে জীবনরসিক হয়েছেন বারে বারে.....' কীভাবে ? এ সম্পর্কে সরোজ বন্দ্যোপাধ্যায়ের মতামত নিজের ভাষায় সংক্ষেপে গুছিয়ে লেখো।

খ) ক্লাসিক্যাল ভাব ও রোমান্টিক ভাব সম্পর্কে মোহিতলাল মজুমদারের দৃষ্টিভঙ্গী সংক্ষেপে লেখো।

গ) উনিশ শতক থেকে ভাষা, সংস্কৃতি ও দেশের সঙ্গে নিজেকে সচেতনভাবে যুক্ত করার প্রক্রিয়াটি সম্পর্কে প্রাবন্ধিকের বক্তব্যটি সুস্পষ্ট করো।

ঘ) '.... সেই ভীষণ জনসংঘাতের মধ্যেও তাঁহার মতো একক প্রাণী আর কে ছিল? — কোন্ প্রবন্ধে কী প্রসঙ্গে কার সম্পর্কে এরূপ বলা হয়েছে সংক্ষেপে লেখো।

ঙ) 'বাঙালি কণ্ঠের সহিত মিলিয়া বিশ্বসংগীত মধুরতর হইয়া উঠিবে'। — রবীন্দ্রনাথ ঠাকুরের 'লাইব্রেরি' প্রবন্ধে উল্লিখিত মন্তব্যটি নিজের ভাষায় বিশ্লেষণ করো।

চ) 'আপনাকে না ভুললে মিলন হয় না' — কোন্ প্রবন্ধে কথাটি আছে? সংক্ষেপে কথাটির তাৎপর্য বিশ্লেষণ করো।